Contents

General Rules and Regulations for Cultural Competition 2026 / সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৬ এর সাধারণ নিয়মাবলী 2

I - Categories and Content / I- বিভাগ এবং বিষয়বস্তু 2

II - Registration for Participation / II - অংশগ্রহণের জন্য নিবন্ধন 3

III - Online Submission and Evaluation / III - অনলাইন জমা এবং মূল্যায়ন 3

IV - Offline Competition and Prize Distribution Ceremony / IV - অফলাইন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান 4

V- Important Dates / V- গুরুত্বপূর্ণ তারিখ 5

Contents and Specific Rules for Competitions / প্রতিযোগিতার বিষয়বস্তু এবং নির্দিষ্ট নিয়মাবলী 6

1. Speech recital – Bengali / ১. বক্তৃতা আবৃত্তি – বাংলা 6

2. Speech recital – English / ২. বক্তৃতা আবৃত্তি – ইংরেজি 10

3. Yogasana (for boys only) / ৩. যোগাসন (শুধুমাত্র ছেলেদের জন্য) 12

4. Music / ৪. সঙ্গীত 14

5. Essay Writing / ৫. প্রবন্ধ লেখা 15

6. Sanskrit Chanting / ৬. সংস্কৃত স্তবপাঠ 16

7. Drawing / ৭. অঙ্কন 20

8. Elocution / ৮. বক্তৃতা 21

9. Abritti / ৯. আবৃত্তি 21

10. Quiz / ১০. কুইজ 23

General Rules and Regulations for Cultural Competition 2026 /

সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৬ এর সাধারণ নিয়মাবলী

I - Categories and Content / I- বিভাগ এবং বিষয়বস্তু

1) Both boys and girls can participate in this competition. All competitions are held in two stages: an initial on-line round followed by a final off-line round after screening. Participants may register for up to three competitions from the following events:

১)ছেলে এবং মেয়ে উভয়েই এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। সমস্ত প্রতিযোগিতা দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে: একটি প্রাথমিক অনলাইন রাউন্ড এবং স্ক্রিনিংয়ের পরে অপরটি চূড়ান্ত অফলাইন রাউন্ড। অংশগ্রহণকারীরা নিম্নলিখিত তালিকা থেকে সর্বাধিক তিনটি প্রতিযোগিতার জন্য নিবন্ধন করতে পারবেন।

Available Events	**উপলব্ধ প্রতিযোগিতাগুলি**
1. Speech recital – Bengali	১. বক্তৃতা আবৃত্তি - বাংলা
2. Speech recital – English	২. বক্তৃতা আবৃত্তি - ইংরেজি
3. Yogasana (for boys only)	৩. যোগাসন (শুধুমাত্র ছেলেদের জন্য)
4. Music	৪. সঙ্গীত
5. Essay Writing	৫. প্রবন্ধ রচনা
6. Sanskrit Chanting	৬. সংস্কৃত স্তবপাঠ
7. Drawing	৭. অঙ্কন
8. Elocution	৮. বক্তৃতা
9. Abritti	৯. আবৃত্তি
10. Quiz	১০. কুইজ

2) All competitions will be conducted across three age categories. Participants will select their respective category while filling in the Google form for uploading their content.

২) সমস্ত প্রতিযোগিতা তিনটি বয়স বিভাগে পরিচালিত হবে। অংশগ্রহণকারীরা গুগল ফর্ম পূরণ করে তাদের বিষয়বস্তু আপলোড করার সময় তাদের নিজ নিজ বিভাগ নির্বাচন করবে।

Category I – Class V to Class VIII	বিভাগ ক – পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি
Category II – Class IX to Class XII	বিভাগ খ – নবম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি
Category III – Above XII to less than 25Yrs	বিভাগ গ – দ্বাদশ শ্রেণির উপরে থেকে ২৫ বছরের কম বয়সী

3) Contents for various competitions are appended at the end of this document. Please go through them carefully.

৩) বিভিন্ন প্রতিযোগিতার বিষয়বস্তু এই নথির শেষে সংযুক্ত করা হয়েছে। দয়া করে সেগুলি ভাল করে পড়ুন।

II - Registration for Participation / II - অংশগ্রহণের জন্য নিবন্ধন

4) Interested candidates can register by paying a non-refundable entry fee of Rs. 20 per competition through the designated registration portal.

৪) আগ্রহী প্রার্থীরা নির্ধারিত নিবন্ধন পোর্টালের মাধ্যমে প্রতি প্রতিযোগিতার জন্য ২০ টাকা অ-ফেরতযোগ্য প্রবেশ মূল্য প্রদান করে নিবন্ধন করতে পারবেন।

https://vivekanandahomeslc.org/rea/competitions/competitions.php

5) After paying the entry fee, make sure to receive the official online fee receipt from Ramakrishna Mission. If you do not receive it, the registration process is unsuccessful, and your payment remains incomplete.

৫) প্রবেশ মূল্য প্রদানের পর, রামকৃষ্ণ মিশন থেকে অফিসিয়াল অনলাইন রসিদটি গ্রহণ করতে ভুলবেন না। যদি আপনি এটি না পান, তাহলে নিবন্ধন প্রক্রিয়াটি এবং আপনার অর্থ প্রদান অসম্পূর্ণ হয়েছে বুঝতে হবে।

6) You may text your queries regarding registration and competition to 70032 06825 (WhatsApp message only).

৬)রেজিস্ট্রেশন এবং প্রতিযোগিতা সংক্রান্ত আপনার প্রশ্নগুলি ৭০০৩২ ০৬৮২৫ নম্বরে লিখে জানাতে পারেন (শুধুমাত্র হোয়াটস্অ্যাপ বার্তায়)।

7) The last date for registration is 25th July, 2026. After registration, a WhatsApp / Google group will be created for all candidates, competition-wise.

৭) নিবন্ধনের শেষ তারিখ ২৫ জুলাই, ২০২৬। নিবন্ধনের পর, প্রতিটি প্রতিযোগিতার জন্য পৃথক হোয়াটস্অ্যাপ বা গুগল গ্রুপ তৈরি করা হবে।

III - Online Submission and Evaluation / III - অনলাইন জমা এবং মূল্যায়ন

8) A Google Form will be shared in the designated WhatsApp / Google group after 25th July, 2026 for the online competition. Participants must fill up the Google Form and upload their content within the form. The uploaded file should be named using the format: “Participant’s Name_Phone Number”. Example: If the participant’s name is Motilal Biswas and his phone number is 1234567890, the file should be named: Motilal_1234567890. Last date for filling up the Google Form is 10th August 2026.

৮) অনলাইন প্রতিযোগিতার জন্য ২৫ জুলাই, ২০২৬ এর পরে নির্ধারিত হোয়াটসঅ্যাপ বা গুগল গ্রুপে একটি গুগল ফর্ম শেয়ার করা হবে। অংশগ্রহণকারীদের অবশ্যই গুগল ফর্মটি পূরণ করতে হবে এবং ফর্মের মধ্যে তাদের বিষয়বস্তু আপলোড করতে হবে। আপলোড করা ফাইলটির নাম "অংশগ্রহণকারীর নাম_ফোন নম্বর" এই ফর্ম্যাটে রাখতে হবে। উদাহরণ: যদি অংশগ্রহণকারীর নাম Motilal Biswas হয় এবং তার ফোন নম্বর 1234567890 হয়, তাহলে ফাইলটির নাম: Motilal_1234567890 রাখতে হবে। গুগল ফর্ম পূরণের শেষ তারিখ ১০ আগস্ট ২০২৬।

9) After the evaluation of their submitted content online, contestants will receive a participation certificate via email.
৯)অনলাইনে জমা দেওয়া বিষয়বস্তু মূল্যায়নের পর, সকল প্রতিযোগী ইমেলের মাধ্যমে অংশগ্রহণের শংসাপত্র পাবেন।

10) Online contestants will be shortlisted for the final phase by 10th September, 2026. Approximately twenty contestants per category will be selected for the offline competition. The number of shortlisted participants and prize units will be determined at the discretion of the management. The list of shortlisted contestants from the online competition will be posted in the designated WhatsApp / Google group. The exact schedule for the offline competition will also be shared in the group. Contestants are advised to stay updated via the WhatsApp group for all official announcements.
১০) অনলাইন প্রতিযোগীদের চূড়ান্ত পর্বের জন্য ১০ সেপ্টেম্বর, ২০২৬ সালের মধ্যে বাছাই করা হবে। অফলাইন প্রতিযোগিতার জন্য প্রতি বিভাগে আনুমানিক ২০ জন প্রতিযোগী নির্বাচন করা হবে। এই নির্বাচন ও পুরস্কারের সংখ্যা নির্ধারণে আয়োজক প্রতিষ্ঠানের সিদ্ধান্তই চূড়ান্ত। অনলাইন প্রতিযোগিতা থেকে অফলাইন প্রতিযোগীতার জন্য নির্বাচিত অংশগ্রহণকরারীদের তালিকা নির্ধারিত হোয়াটসঅ্যাপ গ্রুপে পোস্ট করা হবে। অফলাইন প্রতিযোগিতার সঠিক সময়সূচীও গ্রুপে শেয়ার করা হবে। এ সংক্রান্ত সমস্ত জ্ঞাতব্য হোয়াটস্অ্যাপ বা গুগল গ্রুপের মাধ্যমে অবগত করা হবে।

IV - Offline Competition and Prize Distribution Ceremony / IV - অফলাইন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান

11) Contestants selected for the off-line finals must appear in person at Ramakrishna Mission Swami Vivekananda's Ancestral House & Cultural Centre on the designated day (See the section Important dates) to participate in the competition(s). Following a thorough evaluation of off-line performance, the Prize Distribution Ceremony will take place on 15th November 2026 at 10 AM, where prizes will be awarded based on the off-line competition results.
১১) অফ-লাইন ফাইনালের জন্য নির্বাচিত প্রতিযোগীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্ধারিত দিনে (গুরুত্বপূর্ণ তারিখ বিভাগটি দেখুন) রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্রে ব্যক্তিগতভাবে উপস্থিত হতে হবে। অফ-লাইন প্রতিযোগিতার পারদর্শিতা মূল্যায়নের পর, ১৫ নভেম্বর ২০২৬ তারিখে সকাল ১০ টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে এবং সফল প্রতিযোগীদের পুরস্কার প্রদান করা হবে।

12) Prize Details
All contestants selected for the off-line competition will receive a book and a photograph as a gift.
For each category in the competition, prizes will be awarded as follows:

- **First Position:** ₹ 3,000 (Three thousand rupees) cash + Certificate
- **Second Position:** ₹ 2,000 (Two thousand rupees) cash + Certificate
- **Third Position:** ₹ 1,000 (One thousand rupees) cash + Certificate
- **1st Special Position:** ₹ 500 (Five hundred rupees) cash + Certificate
- **2nd Special Position:** ₹ 500 (Five hundred rupees) cash + Certificate

১২) পুরস্কারের বিবরণ

অফ-লাইন প্রতিযোগিতার জন্য নির্বাচিত সকল প্রতিযোগীকে উপহার হিসেবে একটি বই এবং একটি ছবি দেওয়া হবে। প্রতিযোগিতার প্রতিটি বিভাগের জন্য, নিম্নলিখিতভাবে পুরস্কার প্রদান করা হবে:

- **প্রথম স্থান**: ₹ ৩,০০০ (তিন হাজার টাকা) নগদ + শংসাপত্র
- **দ্বিতীয় স্থান**: ₹ ২,০০০ (দুই হাজার টাকা) নগদ + শংসাপত্র
- **তৃতীয় স্থান**: ₹ ১,০০০ (এক হাজার টাকা) নগদ + শংসাপত্র
- **প্রথম বিশেষ স্থান**: ₹ ৫০০ (পাঁচশ টাকা) নগদ + শংসাপত্র
- **দ্বিতীয় বিশেষ স্থান**: ₹ ৫০০ (পাঁচশ টাকা) নগদ + শংসাপত্র

13) Misconduct Policy: Any form of misconduct in the online or offline competitions will be dealt with strictly and may lead to cancellation of candidature.

১৩) অসদাচরণ নীতি: অনলাইন বা অফলাইন প্রতিযোগিতায় যেকোনো ধরণের অসদাচরণ কঠোরভাবে মোকাবিলা করা হবে এবং এর ফলে সংশ্লিষ্ট প্রতিযোগীর নাম তালিকা থেকে বাতিল বলে গণ্য হতে পারে।

14) Travel & Accommodation: Participants of the offline competition must make their own arrangements for travel, lodging, and boarding.

১৪) ভ্রমণ ও আবাসন: অফলাইন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের যাতায়াত, থাকা এবং খাওয়ার ব্যবস্থা নিজস্বভাবে করতে হবে।

15)Authority's Decision: The decision of the organizing authority in all matters concerning the competition will be indisputably final.

১৫) কর্তৃপক্ষের সিদ্ধান্ত: প্রতিযোগিতা সংক্রান্ত সকল বিষয়ে আয়োজক প্রতিষ্ঠানের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

V- Important Dates / V- গুরুত্বপূর্ণ তারিখ

Last date for registration –**25th July, 2026**

নিবন্ধনের শেষ তারিখ – **২৫ জুলাই, ২০২৬**

Last date for online submission of files via Google Form – **10th August, 2026**

গুগল ফর্মের মাধ্যমে ফাইল অনলাইনে জমা দেওয়ার শেষ তারিখ – **১০ আগস্ট, ২০২৬**

Announcement of results of the on-line competition – **10th September, 2026**

অনলাইন প্রতিযোগিতার ফলাফল ঘোষণা – **১০ সেপ্টেম্বর, ২০২৬**

Offline Competition Dates / অফলাইন প্রতিযোগিতার তারিখ

Competition **প্রতিযোগিতা**	**Date** **তারিখ**	**Time (including time for registration)** **সময় (নিবন্ধনের সময় সহ)**
Speech recital – Bengali বক্তৃতা আবৃত্তি – বাংলা	3rd October, Saturday ৩ অক্টোবর, শনিবার	1–5 PM দুপুর ১–বিকাল ৫টা
Speech recital – English বক্তৃতা আবৃত্তি – ইংরেজি	3rd October, Saturday ৩ অক্টোবর, শনিবার	1–5 PM দুপুর ১–বিকাল ৫টা
Yogasana যোগাসন	4th October, Sunday ৪ অক্টোবর, রবিবার	8–10 AM, 10:30 AM–12:30 PM, 2–4 PM সকাল ৮–১০টা, বেলা ১০:৩০–১২:৩০টা, দুপুর ২–৪টা
Music সঙ্গীত	4th October, Sunday ৪ অক্টোবর, রবিবার	1–5 PM দুপুর ১–বিকাল ৫টা
Essay Writing প্রবন্ধ রচনা	11th October, Sunday ১১ অক্টোবর, রবিবার	1–5 PM দুপুর ১–বিকাল ৫টা
Sanskrit Chanting সংস্কৃত স্তবপাঠ	11th October, Sunday ১১ অক্টোবর, রবিবার	1–5 PM দুপুর ১–বিকাল ৫টা
Drawing অঙ্কন	31st October, Saturday ৩১ অক্টোবর, শনিবার	10 AM–12 Noon সকাল ১০টা–দুপুর ১২টা
Elocution বক্তৃতা	31st October, Saturday ৩১ অক্টোবর, শনিবার	1–5 PM দুপুর ১–বিকাল ৫টা
Abritti আবৃত্তি	1st November, Sunday ১ নভেম্বর, রবিবার	1–5 PM দুপুর ১–বিকাল ৫টা
Quiz কুইজ	1st November, Sunday ১ নভেম্বর, রবিবার	10 AM–4 PM সকাল ১০টা–বিকাল ৪টা

Prize distribution ceremony – Sunday 15th November, 2026, পুরস্কার বিতরণী অনুষ্ঠান – রবিবার ১৫ই নভেম্বর, ২০২৬

Contents and Specific Rules for Competitions / প্রতিযোগিতার বিষয়বস্তু এবং নির্দিষ্ট নিয়মাবলী

1. Speech recital – Bengali / ১. বক্তৃতা আবৃত্তি – বাংলা

১.বক্তৃতাগুলি মুখস্থ করে আবৃত্তি করতে হবে।

২. নির্ধারিত গুগল ফর্মের মাধ্যমে আপনার বক্তৃতা আবৃত্তির অডিও ফাইলটি MP3/M4A ফর্ম্যাটে রেকর্ড করে আপলোড করুন। (সর্বোচ্চ ফাইলের আকার: 10MB)।

৩. অফলাইন প্রতিযোগিতার জন্য নির্বাচিত হলে, প্রতিযোগীকে **৩ অক্টোবর, শনিবার** স্বামীজির বাড়িতে এসে একই বিষয়বস্তু মুখস্থ আবৃত্তি করতে হবে।

বক্তৃতা আবৃত্তির বিষয়:

বিভাগ – ক

মানুষের যথার্থ স্বরূপ (স্বামীজীর বাণী ও রচনা –দ্বিতীয় খণ্ড)

একটি আসন্ন প্রসবা সিংহী একবার শিকার-অন্বেষণে বাহির হইয়াছিল। দূরে একদল মেষ চরিতেছে দেখিয়া যেমন সে তাহাদিগকে আক্রমণ করিবার জন্য লাফ দিল, অমনি তাহার মৃত্যু হইল, একটি মাতৃহীন সিংহশাবক জন্মগ্রহণ করিল। মেষদল তাহার রক্ষণাবেক্ষণ করিতে লাগিল, সে-ও মেষগণের সহিত একত্র বড় হইতে লাগিল, মেষগণের ন্যায় ঘাস খাইয়া প্রাণধারণ করিতে লাগিল, মেষের ন্যায় চীৎকার করিতে লাগিল; যদিও সে রীতিমত একটি সিংহ হইয়া দাঁড়াইল, তথাপি সে নিজেকে মেষ বলিয়া ভাবিতে লাগিল। এইরূপে দিন যায়, এমন সময় আর একটি প্রকাণ্ডকায় সিংহ শিকার-অন্বেষণে সেখানে উপস্থিত হইল; কিন্তু সে দেখিয়াই আশ্চর্য হইল যে, ঐ মেষদলের মধ্যে একটি সিংহ রহিয়াছে, আর সে মেষধর্মী হইয়া বিপদের সম্ভাবনামাত্রই পলাইয়া যাইতেছে। সিংহ উহার নিকট গিয়া বুঝাইয়া দিবার চেষ্টা করিল যে, সে সিংহ, মেষ নহে; কিন্তু যেমনি সে অগ্রসর হয়, অমনি মেষপাল পলাইয়া যায়-তাহাদের সঙ্গে মেষ-সিংহটিও পলায়। যাহা হউক, ঐ সিংহ মেষ-সিংহটিকে তাহার যথার্থ স্বরূপ বুঝাইয়া দিবার সঙ্কল্প ত্যাগ করিল না। সে ঐ মেষ-সিংহটি কোথায় থাকে, কি করে, লক্ষ্য করিতে লাগিল। একদিন দেখিল, সে এক জায়গায় পড়িয়া ঘুমাইতেছে; দেখিয়াই সে তাহার উপর লাফাইয়া পড়িয়া বলিল, 'ওহে, তুমি মেষপালের সঙ্গে থাকিয়া আপন স্বভাব ভুলিলে কেন? তুমি তো মেষ নও, তুমি যে সিংহ। মেষ-সিংহটি বলিয়া উঠিল, 'কি বলিতেছ, আমি যে মেষ, সিংহ হইব কিরূপে?' সে কোনমতে বিশ্বাস করিবে না যে, সে সিংহ, বরং সে মেষের মত চীৎকার করিতে লাগিল। সিংহ তাহাকে টানিয়া একটা হ্রদের দিকে লইয়া গেল, বলিল, 'এই দেখ তোমার প্রতিবিম্ব, এই দেখ আমার প্রতিবিম্ব।' তখন সে সেই দুইটির তুলনা করিতে লাগিল। সে একবার সেই সিংহের দিকে, একবার নিজের প্রতিবিম্বের দিকে চাহিয়া দেখিতে লাগিল। মুহূর্তের মধ্যে তাহার এই জ্ঞানোদয় হইল যে, সত্যিই তো আমি সিংহ। তখন সে সিংহ-গর্জন করিতে লাগিল, তাহার মেষবৎ চীৎকার কোথায় চলিয়া গেল! তোমরা সিংহস্বরূপ-তোমরা আত্মা, শুদ্ধস্বরূপ, অনন্ত ও পূর্ণ। জগতের মহাশক্তি তোমাদের ভিতর। 'হে সখে, কেন রোদন করিতেছ? জন্ম-মৃত্যু তোমার নাই, আমারও নাই। কেন কাঁদিতেছ? তোমার রোগ-দুঃখ কিছুই নাই; তুমি অনন্ত-আকাশস্বরূপ, নানাবর্ণের মেঘ উহার উপর আসিতেছে, এক মুহূর্ত খেলা করিয়া আবার কোথায় অন্তর্হিত হইতেছে; কিন্তু আকাশ যে নীলবর্ণ, সেই নীলবর্ণই রহিয়াছে।'- এইরূপ জ্ঞানের অভ্যাস করিতে হইবে। আমরা জগতে অসৎ-ভাব দেখি কেন? কারণ আমরা নিজেরাই অসৎ। পথের ধারে একটি স্থাণু রহিয়াছে। একটা চোর সেই পথ দিয়া যাইতেছিল, সে ভাবিল-ওটি এক পাহারাওয়ালা। নায়ক উহাকে তাহার নায়িকা ভাবিল। একটি শিশু উহা দেখিয়া ভূত মনে করিয়া চীৎকার করিতে লাগিল। ভিন্ন ভিন্ন ব্যক্তি এইরূপে উহাকে ভিন্ন ভিন্ন ভাবে দেখিলেও উহা সেই স্থাণু—শুষ্ক কাষ্ঠখণ্ড ব্যতীত আর কিছুই ছিল না।

বিভাগ – খ

মায়া (স্বামীজীর বাণী ও রচনা – দ্বিতীয় খণ্ড)

সূক্ষ্মতত্ত্ব হইতে আরম্ভ করিয়া জীবনের সাধারণ দৈনন্দিন স্থূল কার্য পর্যন্ত আলোচনা করিলে আমরা দেখিতে পাই, আমাদের সমস্ত জীবনই এই সৎ ও অসৎ-রূপ বিরুদ্ধভাবের সংমিশ্রণ। আমাদের জ্ঞানলাভ-বিষয়েও এই বিরুদ্ধভাব বর্তমান। এইরূপ মনে হয়, যেন মানুষ জিজ্ঞাসু হইলেই সমগ্র জ্ঞানলাভে সক্ষম হইবে; কিন্তু কয়েক পদ অগ্রসর না হইতেই এরূপ দুর্ভেদ্য প্রাচীর দেখিতে পায়, যাহা অতিক্রম করা তাহার সাধ্যাতীত। তাহার সমস্ত কার্য একটি বৃত্তের মধ্যে সীমাবদ্ধ; এবং সেই বৃত্তসীমা তাহার পক্ষে লঙ্ঘন করা সম্ভব নহে। তাহার অন্তরতম ও প্রিয়তম রহস্যসকল তাহাকে দিবারাত্র উত্তেজিত করিতেছে, মীমাংসার জন্য তাহাকে প্রতিদিন আহ্বান করিতেছে, কিন্তু ইহার উত্তর দিতে সে অক্ষম; কারণ নিজ বুদ্ধির সীমা অতিক্রম

করিবার সাধ্য তাহার নাই। তথাপি বাসনা তাহার অন্তরে গভীরভাবে নিহিত; কিন্তু এই-সকল উত্তেজনা দমন করাই যে মঙ্গলকর, তাহাও আমরা অবগত আছি।

আমাদের হৃৎপিণ্ডের প্রত্যেক স্পন্দন প্রতি নিঃশ্বাসের সহিত আমাদিগকে স্বার্থপর হইতে বলিতেছে। অপরদিকে এক অমানুষী শক্তি বলিতেছে, শুধু নিঃস্বার্থতাই মঙ্গলকর। প্রত্যেক বালক জন্ম হইতেই আশাবাদী; সে সুখের স্বপ্নই দেখে। যৌবনে সে অধিকতর আশাবাদী হয়। মৃত্যু, পরাজয় বা অপমান বলিয়া কিছু আছে—কোন যুবকের পক্ষে ইহা বিশ্বাস করা কঠিন। বৃদ্ধাবস্থা আসিল—জীবন ধ্বংসরাশিতে পরিণত হইল, সুখস্বপ্ন আকাশে বিলীন হইল; বৃদ্ধ নৈরাশ্যবাদ অবলম্বন করিলেন। এইরূপে আমরা প্রকৃতি-তাড়িত হইয়া আশাশূন্য ও উদ্দেশ্যহীনের মত এক প্রান্ত হইতে অপর প্রান্তে ধাবিত হইতেছি। এ সম্বন্ধে 'ললিতবিস্তরে' লিখিত বুদ্ধচরিতের একটি প্রসিদ্ধ সঙ্গীত আমাদের মনে পড়ে। এইরূপ বর্ণিত আছে—বুদ্ধদেব মানবের পরিত্রাতারূপে জন্মগ্রহণ করেন, কিন্তু রাজবাটীর বিলাসিতায় আত্মবিস্মৃত হওয়ায় তাঁহাকে প্রবুদ্ধ করিবার জন্য দেবকন্যাগণ একটি সঙ্গীত গাহিয়াছিল। সে সঙ্গীতের মর্মার্থ এইঃ 'আমরা স্রোতে ভাসিয়া যাইতেছি, অবিরত পরিবর্তিত হইতেছি—নিবৃত্তি নাই, বিরাম নাই।' এইরূপ আমাদের জীবন বিরাম জানে না—অবিরত চলিয়াছে। এখন উপায় কি? যাঁহার অন্ন-পানের প্রাচুর্য আছে, তিনি আশাবাদী হইয়া বলেন, 'ভীতি-উৎপাদক দুঃখের কথা কহিও না। সংসারের দুঃখ ও ক্লেশের কথা শুনাইও না।' তাঁহার নিকট গিয়া বল, 'সকলই মঙ্গল।' তিনি বলেন, 'সত্যই আমি নিরাপদে আছি; এই দেখ, কেমন সুন্দর অট্টালিকায় বাস করিতেছি! আমার শীতের ভয় নাই, অন্নের অভাব নাই! অতএব আমার সম্মুখে এ ভয়াবহ চিত্র আনিও না।' কিন্তু অপরদিকে শীতে ও অনাহারে কত লোক মরিতেছে! যাও, তাহাদিগকে শিখাও যে, সমস্তই মঙ্গল। কিন্তু ঐ যে একজন এ জীবনে ভীষণ ক্লেশ পাইয়াছে, সে তো সুখের সৌন্দর্যের মঙ্গলের কথা শুনিবে না। সে বলিতেছে, 'সকলকেই ভয় দেখাও; আমি যখন কাঁদিতেছি, তখন অপরে কেন হাসিবে? আমি সকলকেই আমার সহিত কাঁদাইব; কারণ আমি দুঃখ-পীড়িত, সকলেই দুঃখ-পীড়িত হউক—ইহাতেই আমার শান্তি।' এইরূপে আমরা আশাবাদ হইতে নৈরাশ্যবাদে যাইতেছি। অতঃপর মৃত্যুরূপ ভয়াবহ ব্যাপার—সমগ্র সংসারই মৃত্যুর মুখে যাইতেছে; সকলেই মরিতেছে। আমাদের উন্নতি, বৃথা আড়ম্বরপূর্ণ কার্যকলাপ, সমাজ–সংস্কার, বিলাসিতা, ঐশ্বর্য, জ্ঞান—মৃত্যুই সকলের শেষ গতি। একমাত্র ইহাই সুনিশ্চিত। নগরাদি গড়িতেছে ভাঙিতেছে; সাম্রাজ্যের উত্থান ও পতন হইতেছে; গ্রহাদি খণ্ড খণ্ড হইয়া, ধূলির মত চূর্ণ হইয়া বিভিন্ন গ্রহের বায়ুমণ্ডলে ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে। অনাদি কাল ধরিয়াই এইরূপ চলিতেছে। ইহার লক্ষ্য কি? মৃত্যুই সকলের লক্ষ্য। মৃত্যু জীবনের লক্ষ্য, সৌন্দর্যের লক্ষ্য, ঐশ্বর্যের লক্ষ্য, শক্তির লক্ষ্য, এমন কি ধর্মেরও লক্ষ্য। সাধু ও পাপী মরিতেছে, রাজা ও ভিক্ষুক মরিতেছে—সকলেই মৃত্যুর পথে ধাবমান। তথাপি জীবনের প্রতি এই বিষম আসক্তি! জানি না, কেন আমরা এ জীবনের প্রতি আসক্ত, কেন ইহা পরিত্যাগ করিতে পারি না! ইহাই মায়া।

বিভাগ – গ

কর্মযোগের আদর্শ (স্বামীজীর বাণী ও রচনা – চতুর্থ খণ্ড)

অতঃপর শব্দ বা মন্ত্র-শক্তির কথা উল্লেখ করা উচিত। আপনারা সকলেই শব্দশক্তির কথা শুনিয়াছেন। এই শব্দগুলি কি অদ্ভুত! প্রত্যেক ধর্মগ্রন্থে—বেদ, বাইবেল, কোরানে—শব্দশক্তির পরিচয় পাওয়া যায়। কতকগুলি শব্দ আছে—মানবজাতির উপর ঐগুলির আশ্চর্য প্রভাব!

তারপর আবার ভক্তিলাভের বাহ্যসহায়রূপ প্রতীক-বস্তু আছে। এইগুলিরও মানবমনের উপর প্রবল প্রভাব। ধর্মের প্রধান প্রতীক-বস্তুগুলি কিন্তু ইচ্ছামত বা খেয়ালমত রচিত হয় নাই। সেগুলি ভাবের স্বাভাবিক প্রকাশ মাত্র। আমরা সর্বদাই রূপক-সহায়ে চিন্তা করিয়া থাকি; আমাদের সকল শব্দই বস্তুতঃ চিন্তার রূপক মাত্র, বিভিন্ন জাতি প্রকৃত কারণ না জানিয়াও বিভিন্ন প্রতীক ব্যবহার করিতে আরম্ভ করিয়াছে। ঐ কারণ মনের অন্তরালে, ঐ প্রতীকগুলি চিন্তার সহিত জড়িত; যেমন চিন্তা বা ভাব হইতে প্রতীক-বস্তু বাহিরে রূপ-গ্রহণ করে, তেমনি ঐ প্রতীক আবার ভিতরে ভাবের উদ্রেক করিতে পারে। এইজন্য ভক্তিযোগের এই অংশে এই-সব ভাবোদ্দীপক প্রতীক-বস্তু, শব্দ বা মন্ত্রশক্তি, প্রার্থনা বা স্তবস্তুতির কথা আছে।

সকল ধর্মেই প্রার্থনা আছে, তবে এইটুকু আপনাদিগকে স্মরণ রাখিতে হইবে যে, ধনসম্পদ বা স্বাস্থ্যলাভের জন্য প্রার্থনাকে ভক্তি বলা যায় না, এগুলি পুণ্যকর্ম। স্বর্গাদি গমনের বা কোন প্রকার বাহ্য বস্তু লাভের জন্য প্রার্থনা কর্মমাত্র। যিনি ভগবানকে ভালবাসিতে চান, যিনি ভক্ত হইতে চান, তাঁহাকে ঐ-সকল প্রার্থনা ত্যাগ করিতে হইবে। যিনি আলোর রাজ্যে প্রবেশ করিতে চান, তাঁহাকে কেনা-বেচার দোকানদারী ধর্মভাব পুঁটুলি বাঁধিয়া বাহিরে ফেলিয়া আসিতে হইবে, তবেই তিনি ভক্তিরাজ্যে প্রবেশের অধিকার পাইবেন। আমি এ-কথা বলিতেছি না যে, যাহা প্রার্থনা করা যায়, তাহা পাওয়া যায় না; যাহা চাওয়া যায়, সবই পাওয়া যায়। তবে উহা অতি হীনবুদ্ধির, নিম্নাধিকারীর-ভিখারীর ধর্ম। মূর্খ সে, যে গঙ্গাতীরে বাস করিয়া জলের জন্য কূপ খনন করে! সেই মূর্খ-যে হীরকখনিতে আসিয়া কাচখণ্ড অন্বেষণ করে! ভগবান্ হীরকখনিস্বরূপ, তাঁহার কাছে কাচখণ্ডবৎ স্বাস্থ্য খাদ্য বস্ত্র ভিক্ষা করিতে হইবে!-কি দুর্ভাগ্য! এই দেহ একদিন মরিবেই; তবে আর বার বার দেহের স্বাস্থ্যের জন্য প্রার্থনা করা কেন? স্বাস্থ্য ও ঐশ্বর্যে কি আছে? শ্রেষ্ঠ ধনী ব্যক্তিও নিজ ধনের অতি অল্প অংশই নিজে ব্যবহার করিতে পারেন। তিনি তো দিনে চার-পাঁচ বার ভোজ খাইতে পারেন না, অধিক বস্ত্রও ব্যবহার করিতে পারেন না, একজন লোক যতটা বায়ু শ্বাসযোগে গ্রহণ করিতে পারে, তাহার অধিক তিনি লইতে পারেন না, তাঁহার নিজের দেহের জন্য যতটা জায়গা প্রয়োজন, তাহা অপেক্ষা অধিক স্থানে তিনি শুইতে পারেন না। আমরা এই জগতের সকল বস্তু কখনই একা পাইতে পারি না। যদি না পাই, তাহাতেই বা ক্ষতি কি? এই দেহ একদিন যাইবে—এ সব কে গ্রাহ্য করে? যদি ভাল ভাল জিনিষ আসে, আসুক; যদি সেগুলি চলিয়া যায়-যাক্, তাহাও ভাল। আসিলেও ভাল, না আসিলেও ভাল। আমরা ভগবানকে লাভ করিতে চলিয়াছি। ভগবানের নিকট গিয়া এ-জিনিষ ও-জিনিষ চাওয়া ভক্তি নয়। এগুলি ধর্মের নিম্নতম সোপান, অতি নিম্নাঙ্গের কর্মমাত্র। আমরা সেই রাজরাজেশ্বরের সামীপ্যলাভের চেষ্টা করিতেছি। আমরা সেখানে ভিক্ষুকের বেশে যাইতে পারি না। যদি ঐ বেশে আমরা কোন সম্রাটের সমীপে উপস্থিত হইতে চাই, আমাদিগকে কি সেখানে যাইতে দেওয়া হইবে? কখনই নয়। আমাদিগকে তাড়াইয়া দিবে। ভগবান্ রাজার রাজা, সম্রাটের সম্রাট; তাঁহার নিকট আমরা জীর্ণবস্ত্র পরিধান করিয়া যাইতে পারি না; দোকানদারের সেখানে প্রবেশাধিকার নাই। কেনা-বেচা সেখানে একেবারেই চলিবে না। আপনারা বাইবেলে যেমন পড়িয়াছেন যে, যীশু যিহোবার মন্দির-প্রাঙ্গণ হইতে ক্রেতা-বিক্রেতাগণকে তাড়াইয়া দিয়াছিলেন।

তথাপি কেহ কেহ প্রার্থনা করে, 'হে প্রভু, আমি তোমাকে আমার এই ক্ষুদ্র প্রার্থনা উপহার দিতেছি, তুমি আমাকে একটি নূতন পোষাক দাও। হে ভগবান্ আজ আমার মাথাধরা সারাইয়া দাও, আমি কাল আরও দু-ঘন্টা বেশী প্রার্থনা করিব।' এইরূপ প্রার্থনাকারী অপেক্ষা আপনারা নিজেদের একটু উচ্চতর মনোভাবাপন্ন মনে করিবেন। মনে করিবেন, এইরূপ ছোটখাটো জিনিষের জন্য প্রার্থনা করার ঊর্ধ্বে। মানুষ যদি নিজের সমুদয় মনঃশক্তি শরীর-সুখের জন্য ঐভাবে প্রার্থনা করিয়া ব্যয় করে, তবে মানুষ ও পশুর মধ্যে প্রভেদ কি?

অতএব ইহা বলা বাহুল্য যে, ভক্ত হইতে গেলে প্রথমেই এই প্রকার সব বাসনা—এমন কি স্বর্গ-গমনের বাসনাও পরিত্যাগ করিতে হইবে। স্বর্গও এই-সব স্থানেরই মত, তবে এখানকার অপেক্ষা কিছু ভাল হইতে পারে। এখানে আমাদের কিছু দুঃখ, কিছু সুখ ভোগ করিতে হয়। স্বর্গে না হয় দুঃখ কিছু কম হইবে, সুখ কিছু বেশী হইবে। জ্ঞানের আলো সেখানে এতটুকু বাড়িবে না, স্বর্গে শুধু আমাদের পুণ্যকর্মের ফলভোগ হইবে। খ্রীষ্টানদের স্বর্গের ধারণা এই যে, উহা এমন এক স্থান, যেখানে ভোগসুখ তীব্রভাবে বর্ধিত হইবে। এইরূপ স্বর্গ কিরূপে আমাদের চরম লক্ষ্য হইতে পারে? সম্ভবতঃ আপনারা এরূপ স্থানে শত শত বার গিয়াছেন, আবার সেখান হইতে শত শত বার ফিরিয়া আসিয়াছেন।

এখন প্রশ্ন এই—কিরূপে এই-সকল বাসনা অতিক্রম করা যায়? কিসে মানুষকে দুঃখী ও দুর্দশাগ্রস্ত করিয়া থাকে? মানুষ প্রাকৃতিক নিয়মে বদ্ধ ক্রীতদাসের মত, প্রকৃতির হাতে পুতুলের মত; প্রকৃতি খেলনার মত তাহাদিগকে কখনও এদিকে, কখনও ওদিকে নাড়িতেছে। অতি সামান্য আঘাতে যে দেহ চূর্ণবিচূর্ণ হইয়া যায়, আমরা সর্বদা সেই দেহের যত্ন করিতেছি, এবং সেই জন্যই সর্বদা ভয়ব্যাকুলচিত্তে জীবন যাপন করিতেছি। সেদিন পড়িতেছিলাম—হরিণকে নাকি প্রাণের ভয়ে প্রত্যহ প্রায় ৬০।৭০ মাইল ছুটিতে হয়। হরিণ অনেক মাইল দৌড়াইয়া গেল, তারপর কিছু খাইল। আমাদের জানা উচিত—আমরা হরিণ অপেক্ষা অধিকতর দুর্দশাগ্রস্ত। হরিণ তবুও খানিকক্ষণ বিশ্রাম করিতে পায়, আমরা তাহাও পাই না। হরিণ যথেষ্ট পরিমাণে ঘাস পাইলেই তৃপ্ত হয়, আমরা কিন্তু ক্রমাগত আমাদের অভাব বাড়াইতেছি। ক্রমাগত আমাদের অভাব বাড়ানো আমাদের

রোগবিশেষ হইয়া দাঁড়াইয়াছে। আমরা এমন বিপর্যস্ত ও অপ্রকৃতিস্থ হইয়া পড়িয়াছি যে, কোন স্বাভাবিক বস্তুই আর আমাদের তৃপ্ত করিতে পারে না। সেইজন্য আমরা সর্বদাই বিকৃত বস্তু খুঁজিতেছি—অস্বাভাবিক উত্তেজনা, অস্বাভাবিক খাদ্যপানীয়, অস্বাভাবিক সঙ্গ ও তদনুরূপ জীবন খুঁজিতেছি। বায়ুকে বিষাক্ত করিয়া তবে আমরা শ্বাসপ্রশ্বাস গ্রহণ করিতে পারি! ভয় সম্বন্ধে বক্তব্য এই—আমাদের সমগ্র জীবনটাই কতকগুলি ভয়ের সমষ্টি ছাড়া আর কি? হরিণের পক্ষে ভয় করিবার এক প্রকার জিনিষই আছে, যথা, ব্যাঘ্রাদি; আর মানুষের ভয় সমগ্র জগৎ হইতে।

2. Speech recital – English / ২. বক্তৃতা আবৃত্তি – ইংরেজি

1. Speeches must be recited verbatim from memory
2. Record and upload the audio file in MP3/M4A format via the Google form. (Maximum file size: 10MB).
3. If shortlisted for the offline competition, you must recite the same content verbatim from memory at Swamiji's House on **3rd October, Saturday**.

Category – I

Jnana Yoga – The Real Nature of Man (CW-II Pg 84-55)

There is a story about a lioness, who was big with young, going about in search of prey; and seeing a flock of sheep, she jumped upon them. She died in the effort; and a little baby lion was born, motherless. It was taken care of by the sheep and the sheep brought it up, and it grew up with them, ate grass, and bleated like the sheep. And although in time it became a big, full-grown lion, it thought it was a sheep. One day another lion came in search of prey and was astonished to find that in the midst of this flock of sheep was a lion, fleeing like the sheep at the approach of danger. He tried to get near the sheep-lion, to tell it that it was not a sheep but a lion; but the poor animal fled at his approach. However, he watched his opportunity and one day found the sheep-lion sleeping. He approached it and said, "You are a lion." "I am a sheep," cried the other lion and could not believe the contrary but bleated. The lion dragged him towards a lake and said, "Look here, here is my reflection and yours." Then came the comparison. It looked at the lion and then at its own reflection, and in a moment came the idea that it was a lion. The lion roared, the bleating was gone. You are lions, you are souls, pure, infinite, and perfect. The might of the universe is within you. "Why weepest thou, my friend? There is neither birth nor death for thee. Why weepest thou? There is no disease nor misery for thee, but thou art like the infinite sky; clouds of various colours come over it, play for a moment, then vanish. But the sky is ever the same eternal blue."

Category – II

Jnana Yoga – Maya and Illusion (CW-II Pg 90-92)

Coming from abstractions to the common, everyday details of our lives, we find that our whole life is a contradiction, a mixture of existence and non-existence. There is this contradiction in knowledge. It seems that man can know everything, if he only wants to know; but before he has gone a few steps, he finds an adamantine wall which he cannot pass. All his work is in a circle, and he cannot go beyond that circle. The problems which are nearest and dearest to him are impelling him on and calling, day and night, for a solution, but he cannot solve them, because he cannot go beyond his intellect. And yet that desire is implanted strongly in him. Still, we know that the only good is to be obtained by controlling and checking it. With every breath, every impulse of our heart asks us to be selfish. At the

same time, there is some power beyond us which says that it is unselfishness alone which is good. Every child is a born optimist; he dreams golden dreams. In youth he becomes still more optimistic. It is hard for a young man to believe that there is such a thing as death, such a thing as defeat or degradation. Old age comes, and life is a mass of ruins. Dreams have vanished into the air, and the man becomes a pessimist. Thus, we go from one extreme to another, buffeted by nature, without knowing where we are going. It reminds me of a celebrated song in the *Lalita Vistara,* the biography of Buddha. Buddha was born, says the book, as the saviour of mankind, but he forgot himself in the luxuries of his palace. Some angels came and sang a song to rouse him. And the burden of the whole song is that we are floating down the river of life which is continually changing with no stop and no rest. So are our lives, going on and on without knowing any rest. What are we to do? The man who has enough to eat and drink is an optimist, and he avoids all mention of misery, for it frightens him. Tell not to him of the sorrows and the sufferings of the world; go to him and tell that it is all good. "Yes, I am safe," says he. "Look at me! I have a nice house to live in. I do not fear cold and hunger; therefore, do not bring these horrible pictures before me." But, on the other hand, there are others dying of cold and hunger. If you go and teach *them* that it is all good, they will not hear you. How can they wish others to be happy when they are miserable? Thus, we are oscillating between optimism and pessimism.

